

আজ রাজধানীর ১৩ সরকারি স্কুলে প্রথম শ্রেণীতে ভর্তির লটারি

যায়যায়দিন রিপোর্ট

আজ রাজধানীর ১৩টি সরকারি মাধ্যমিক স্কুলে প্রথম শ্রেণীতে ভর্তির লটারি অনুষ্ঠিত হবে। লটারি শেষে বিকালেই ফল ঘোষণা করা হবে। এদিকে অভিযোগ উঠেছে, শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিতে তদবির শুরু করেছেন মন্ত্রী, সংসদ সদস্য ও ক্ষমতাসীন দলের নেতারা। তদবিরে আমলারাও পিছিয়ে নেই। জানা গেছে, সরকারি ছাত্র ও রাজধানীর নামি-নামি বেসরকারি স্কুলে কোটা পছন্ডিতে ভর্তির জন্য তালিকা পাঠিয়েছে ক্ষমতাসীন দলের স্থানীয় নেতারা। এর মধ্যে একজন মন্ত্রী তিনজন শিক্ষার্থী ভর্তির তদবির করেছেন। জোটের শরিক ও একটি সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি তিনজনকে ভর্তির সুপারিশ করেছেন। ঢাকার একটি আসনের আওয়ামী লীগের এমপি দুইজনকে ভর্তির সুপারিশ করেছেন। এ তালিকায় রয়েছেন শিক্ষা মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ের কর্মকর্তারাও। সম্ভ্রুতি ডিকারননিসা নূন

স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষকে তালিকানুযায়ী ভর্তির জন্য হুমকি দেয়া হয়। এ প্রসঙ্গে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক নোমান-উর-রশিদ বলেন, রাজনৈতিক নেতারা তদবির করবেন এটাই স্বাভাবিক। নিয়ম অনুযায়ী সব কিছু করা হবে। কে কী বললেন, ডাক্তার সেটা গুরুত্ব দিচ্ছেন না। যারা যোগ্য তারা ভর্তির সুযোগ পাবে। ২৪টি সরকারি স্কুলের লটারি: পৃষ্ঠা ১৫ কলাম ৭

তদবির শুরু করেছেন মন্ত্রী, সংসদ সদস্য ও ক্ষমতাসীন দলের নেতারা আমলারাও পিছিয়ে নেই

এখানে সুপারিশ বা তদবিরের বিশেষ কোনো গুরুত্ব নেই। জানা গেছে, সরকারি ১৩ স্কুলে প্রথম শ্রেণীতে দেড় হাজার আসন রয়েছে। সরকারি স্কুলগুলোর ভর্তিতে মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য পাঁচ শতাংশ আসন সংরক্ষণ থাকবে। প্রতিবন্ধীদের জন্য দুই শতাংশ। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের ভর্তির ক্ষেত্রে ২ শতাংশ কোটা থাকছে।

লটারি: ভর্তির

(শেষ পৃষ্ঠার পর)

মধ্যে প্রথম শ্রেণী রয়েছে ১৩টি স্কুল। এগুলো হচ্ছে, 'ক' গ্রুপের তিনটি-গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয় এবং ফিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়। 'খ' গ্রুপের ছয়টি স্কুল হচ্ছে- মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয়, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাইস্কুল এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়। 'গ' গ্রুপের স্কুল চারটি হচ্ছে- ধানমন্ডি গভর্নমেন্ট বয়েজ হাইস্কুল, শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং গণডবন সরকারি উচ্চ বিদ্যালয়। এছাড়া বিভিন্ন খেঁদের প্রথম শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে পুরীক্ষা দেয়া হবে।